

96

শিক্ষাঙ্গন সমস্যা : সুপারিশ প্রণয়নে সংসদীয় কমিটি

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের শিক্ষাঙ্গন পরিস্থিতি পর্যালোচনা করে সমস্যা সমাধানের সুপারিশ পেশ করার জন্য গতকাল বুধবার সংসদের সমাপনী অধিবেশনে ১৫ সদস্য বিশিষ্ট একটি সংসদীয় কমিটি গঠন করা হয়।

আইন ও বিচার মন্ত্রী মির্জা গোলাম হাফিজ এই কমিটির সভাপতি।

শিক্ষামন্ত্রী ডাঃ বদরুদ্দোজা চৌধুরী এই কমিটি গঠনের এবং সরকারী দল হতে এই কমিটির ৮ জন সদস্যের

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

শিক্ষাঙ্গন সমস্যা (প্রথম পৃষ্ঠার পর)

নাম প্রস্তাব করেন।

তিনি জানান যে, এই কমিটির অন্য ৭ জন সদস্যের নাম বিরোধী দল থেকে দেয়ার জন্য বিরোধী দলীয় চীফ হুইপ মোহাম্মদ নাসিমকে তিনি আগেই অনুরোধ করেছিলেন। তাঁর কাছ থেকে এখনো এ ব্যাপারে কোন নামের তালিকা পাওয়া যায়নি। তবে শীঘ্রই কমিটির বিরোধী দলীয় সদস্যদের নামের তালিকা বিরোধী দলীয় চীফ হুইপের কাছ থেকে পাওয়া যাবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

১৫ সদস্যবিশিষ্ট এই সংসদীয় কমিটির বিএনপি দলীয় সদস্যরা হলেন, মির্জা গোলাম হাফিজ-সভাপতি, ডাঃ বদরুদ্দোজা চৌধুরী, মেঃ জেনারেল (অবঃ) মজিদউল হক, আবদুস সালাম তালুকদার, শেখ রাজ্জাক আলী, আবদুল মান্নান ভূঞা, মেঃ জেনারেল (অবঃ) মীর শওকত আলী ও বন্দকার মোশাররফ হোসেন।

377 757677 7879